দৈনিক বাংলা

তারিখ [illegible] SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি

# ভর্তির নয়া নিয়ম ভার্সিটির স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর এটিএম জহুরুল হক ও সাধারণ সম্পাদক প্রফেসর এম এম ইমামুল হক বুধবার এক যুক্ত বিবৃতিতে বলেছেন বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির পরিবর্তীত নিয়মাবলী সম্পর্কে সরকারী প্রেস বিজ্ঞপ্তি শিক্ষকদের বিস্মিত করেছে। বিবৃতিতে তারা বলেন, যেখানে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরীক্ষা পদ্ধতি বিরাজমান এবং নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল থেকে শিক্ষকদের মতামতের ভিত্তিতে প্রণীত যেখানে সরকারের এ ধরনের বিজ্ঞপ্তি জনগণকে বিভ্রান্ত করছে। শিক্ষক নেতৃবৃন্দ এ ধরনের সিদ্ধান্তকে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ বলে বিবৃতিতে উল্লেখ করেছেন।

(৪–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## ভর্তির নয়া নিয়ম

(প্রথম পৃষ্ঠার পর)

**বুয়েট সর্বদলীয় ছাত্রঐক্য**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ এক বিবৃতিতে গতকাল বুধবার নতুন ভর্তি পদ্ধতির সমালোচনা করে বলেছেন, এই নতুন ভর্তি পদ্ধতিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় নকলের প্রবণতা বৃদ্ধি পাবে। বিবৃতিতে স্বাক্ষর করেন ছাত্রদলের এম এম জাহাঙ্গীর আলম, ছাত্রলীগ (শা–পা) মনজুরুল মঞ্জু ও আবদুল্লাহ আল মামুন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন।